



হরমুজ প্রণালিতে ফের নিষেধাজ্ঞা জারি ইরানের



হরমুজ প্রণালি। ছবি: নিউ ইয়র্ক টাইমস

ইরান হরমুজ প্রণালিতে নৌ চলাচল সীমিত করার ঘোষণা দিয়েছে বলে জানা গেছে। কয়েকটি বাণিজ্যিক জাহাজ ইরানি নৌবাহিনীর পক্ষ থেকে রেডিও বার্তার মাধ্যমে এমন নির্দেশনা পায় বলে নৌ-চলাচল সংশ্লিষ্ট সূত্রগুলো নিশ্চিত করেছে। শনিবার আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য উঠে আসে। সেখানে বলা হয়, ইরানি নৌবাহিনী ট্যাঙ্কারগুলোকে জানিয়ে দিয়েছে যে এই মুহূর্তে প্রণালি দিয়ে জাহাজ চলাচল অনুমোদিত নয়। এদিকে পৃথক ঘটনায় অন্তত একটি তেলবাহী ট্যাঙ্কার ওই এলাকায় ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) একটি গানবোটের হামলার শিকার হয়েছে বলেও খবর পাওয়া গেছে।

LENS ASIA